

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ অধিশাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.৮৫০০.০১৭.২৭.০০২.১৭. ৫৩

তারিখ : ০৯ মাঘ, ১৪২৩ বঙ্গাব্দ।
২২ জানুয়ারি, ২০১৭ খ্রিঃ।


বিষয় : নওগাঁ জেলার ধামইরহাট উপজেলার জাহানপুর ইউনিয়ন পরিষদের পুরাতন জরাজীর্ণ পরিত্যক্ত ভবন অপসারণপূর্বক তদস্থলে বহুতল বিশিষ্ট মার্কেট নির্মাণ এবং উক্ত আয় থেকে ইউপি কমপ্লেক্স ভবন নির্মাণ সংক্রান্ত।

সূত্র : জেলা প্রশাসক, নওগাঁ কার্যালয়ের স্মারক নং-৯০৯, তারিখ : ২৬.১২.২০১৬ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এবং ইউনিয়ন পরিষদ (সম্পত্তি) বিধিমালা, ২০১৩ অনুসরণপূর্বক বিধি বিধান উল্লেখ করে স্বয়ং-সম্পূর্ণ প্রস্তাব প্রেরণ করেননি। এ ছাড়া প্রস্তাবের সাথে-

- (ক) জাহানপুর ইউনিয়ন পরিষদের পুরাতন জরাজীর্ণ পরিত্যক্ত ভবন অপসারণপূর্বক তদস্থলে বহুতল বিশিষ্ট মার্কেট নির্মাণের প্রস্তাব বিবেচনা করা হলে বর্তমান ইউনিয়ন পরিষদের কার্যক্রম কোথায় বিভাবে হবে এবং ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন কোথায় নির্মাণ করা হবে;
- (খ) প্রস্তাবিত জমি জাহানপুর ইউনিয়ন পরিষদের জমির মালিকানা সংক্রান্ত দলিল ও রেকর্ডীয় মালিকমূলে পর্চার সত্যায়িত ছায়াপিপি;
- (গ) জাহানপুর ইউনিয়ন পরিষদের বাৎসরিক রাজস্ব আয়/ব্যয়ের হিসাব;
- (ঘ) পুরাতন জরাজীর্ণ ভবন অপসারণ করতে কি পরিমাণ অর্থের প্রয়োজন হবে এবং প্রয়োজনীয় অর্থের সংস্থান কিভাবে হবে;
- (ঙ) নতুন মার্কেট নির্মাণ করতে কত টাকা ব্যয় হবে এবং এ অর্থের সংস্থান কিভাবে হবে। প্রস্তাবিত মার্কেটের নক্সা, সম্ভাব্য নির্মাণ খরচ, নির্মাণ ব্যয়ের অর্থের উৎস ও সম্ভাব্য মাসিক আয় কত হবে; এবং
- (চ) ভূমির মালিকানা সম্পর্কে সহকারী কমিশনার ভূমির প্রত্যয়ন ইত্যাদি সমেত স্বীয় মতামতসহ প্রতিবেদন প্রেরণ করা হয়নি।

০২। এমতাবস্থায়, নওগাঁ জেলার ধামইরহাট উপজেলার জাহানপুর ইউনিয়ন পরিষদের পুরাতন জরাজীর্ণ পরিত্যক্ত ভবন অপসারণপূর্বক তদস্থলে বহুতল বিশিষ্ট মার্কেট নির্মাণ এবং উক্ত আয় থেকে ইউপি কমপ্লেক্স ভবন নির্মাণ বিষয়ে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এবং ইউনিয়ন পরিষদ (সম্পত্তি) বিধিমালা, ২০১৩ অনুসরণপূর্বক উল্লিখিত তথ্যাদিসহ স্বয়ং-সম্পূর্ণ প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মোঃ মাহাবুবুর রহমান)
উপসচিব
☎ ৯৫৮৬৬০৫
Email : lgup1@lgd.gov.bd

জেলা প্রশাসক
নওগাঁ।

অনুলিপিঃ
প্রোগ্রামার

স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।